



প্রতিশ্রুতি ভেঙে জনগণবিরোধী পথে বিএনপি: নাহিদ



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

ক্ষমতার স্বাদ পেয়ে বিএনপি জনগণের কথা উপেক্ষা করছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ ছইপ মো. নাহিদ ইসলাম।

শনিবার (১১ এপ্রিল) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শ্রমিক কল্যাণ ফেডারেশনের ত্রি-বার্ষিক সম্মেলনে তিনি এ মন্তব্য করেন।

নাহিদ ইসলাম বলেন, দেশের ইতিহাসে শ্রমজীবী মানুষের অবদান সবচেয়ে বেশি। ১৯৪৭-এর স্বাধীনতা সংগ্রাম থেকে শুরু করে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ, এমনকি সাম্প্রতিক বিভিন্ন গণআন্দোলনেও শ্রমিকরাই রক্ত ও জীবন দিয়ে সামনে থেকেছেন।

তিনি আরও বলেন, নতুন সরকার শ্রমিকদের আত্মত্যাগের ওপর দাঁড়িয়ে ক্ষমতায় এলেও অল্প সময়ের মধ্যেই তারা সেই প্রত্যাশার সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। গণভোটের রায় উপেক্ষা করে সরকার জনগণের বিরুদ্ধে অবস্থান নিয়েছে বলেও অভিযোগ করেন তিনি। তার ভাষায়, ক্ষমতায় গিয়ে বিএনপি জনগণের ত্যাগ ভুলে গেছে।

অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশগুলো আইন হিসেবে কার্যকর করা এবং প্রয়োজনীয় সংস্কার বাস্তবায়নের প্রতিশ্রুতি থেকেও বিএনপি সরে এসেছে বলে দাবি করেন নাহিদ ইসলাম। তিনি সতর্ক করে বলেন, রাজনৈতিক অঙ্গনে প্রতিশ্রুতি ভঙ্গের ফল কখনোই ভালো হয় না। শ্রমিকদের অধিকার ও সংস্কার আদায়ে আবারও গণআন্দোলন গড়ে তোলা হবে বলেও জানান তিনি।